Total No. of Printed Pages—8

**HS/XII/A. Sc. Com/B/22**

**2 0 2 2**

# BENGALI

## ( Modern Indian Language )

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দ চয়ন করে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) 'দুধের দাম' গল্পটির লেখকের নাম _____।

( রবীন্দ্রনাথ / বনফুল / বঙ্কিমচন্দ্র )

(খ) লেখা ভাল হইলে _____ আপনি আসিবে।

( অর্থ / মান / যশ )

(গ) এ জগতে হায় সেই _____ চায়, আছে যার ভূরি ভূরি।

( অনেক / বেশী / কম )

(ঘ) গাছটাকে প্রতিদিনই দেখাচ্ছে নিতান্ত _____ মত।

( দুর্বোধের / নির্বোধের / সুবোধের )

(ঙ) "_____ প্রকাশের চেষ্টা করিবেন না।"

( গুণ / দম্ভ / বিদ্যা )

(চ) ''ওগো শুনছ, একজন _____ ডেকে আনো।''

( ফটোগ্রাফওয়ালা / মাষ্টার / পাহারাদার )

(ছ) বুকভরা মধু, বঙ্গের _____ জল লয়ে যায় ঘরে।

( মা / বধূ / কন্যা )

২। *দু-একটি* শব্দ দ্বারা যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ''হাটে মাঠে বাটে এইমত কাটে বছর পনেরো ষোলো।'' পংক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে?

(খ) 'সীতা ও সরমা' কবিতাটির রচয়িতা কে?

(গ) ''শুধু বিঘে _____ ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋণে।''

( তিন / চার / দুই )

(ঘ) 'দুই বিঘা জমি' কবিতায় বর্ণিত গল্পের মূল চরিত্রের নাম কি?

(ঙ) ''বাংলা ভাষা উচ্চারিত হলে নিকোনো উঠোনে ঝরে রোদ, বারান্দায় লাগে জ্যোৎস্নার চন্দন।'' পংক্তিগুলি কোন্ কবির রচনা?

(চ) বাংলা ভাষা উচ্চারিত হলে—অন্ধ বাউলের কোন্ বাদ্যযন্ত্র বাজে?

(ছ) ''শিখীসহ, শিখিনী সুখিনী
নাচিত দুয়ারে মোর''

শিখিনী কার দুয়ারে নাচত?

৩। *দু-একটি* শব্দ দ্বারা যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'রাজসিংহ' পাঠ্যাংশের প্রথম পরিচ্ছেদের নাম কি?

(খ) নির্মলকুমারী কে ছিলেন?

(গ) ''উপায় যাই হউক—আমি মোগলের দাসী কখনই হইব না।'' উক্তিটি কার?

(ঘ) রাণা রাজসিংহ কোন্ রাজ্যের রাজা ছিলেন?

(ঙ) ''মানিকলাল, এ পত্রের কথা তুমি ছাড়া আর কে জানে?'' বক্তা কে?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) ''বুঝেছ উপেন, এ জমি লইব কিনে।''

বক্তা কে? তিনি কোন্ জমি কিনে নিতে চান?

(খ) ''সখি। পূর্বকথা শুনিবারে যদি
ইচ্ছা তব, কহি আমি, শুন মনঃ দিয়া।''

এখানে 'সখি' কে? তিনি কার পূর্বকথা শোনার ইচ্ছা প্রকাশ করেছেন?

(গ) ''যোগাতেন আনি নিত্য ফলমূল বীর সৌমিত্রী।''

পংক্তিটি কোন্ কবির রচনা? 'সৌমিত্রী' বলতে কার কথা বলা হয়েছে?

(১) রাম

(২) লক্ষ্মণ

(৩) ভরত

(৪) শত্রুঘ্ন

(সঠিক শব্দ বেছে নাও)

(ঘ) ''ছেলেটি আমার নিঃসন্তান ঘরে কাকীর কোলেই মানুষ।''

এখানে 'ছেলেটি' কে? এই গল্পের লেখক কে?

(ঙ) ‘‘সোজা লইয়া গেল ফার্ষ্টক্লাস ওয়েটিং রুমে।’’
এখানে কে, কাকে ওয়েটিং রুমে নিয়ে গেল?

(চ) ‘বাংলা ভাষা উচ্চারিত হলে’ কবিতায় ‘নানী’ বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কিসের ‘বড়া’ ভাজতেন?

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে লেখ : ২×৫=১০

(ক) ‘‘বাপু জানোতো হে, করেছি বাগানখানা পেলে দুই বিঘে প্রস্থে ও দীঘে সমান হইবে টানা—ওটা দিতে হবে।’’ একথা বক্তা কাকে বলেছেন? এই পংক্তিতে বক্তার চরিত্রের কোন্ দিক প্রকাশ পেয়েছে?

(১) অত্যাচারী

(২) লোভী

(৩) রাগী

(সঠিক শব্দ বেছে নাও)

(খ) ‘সীতা ও সরমা’ কবিতা অনুসারে সরমা কে? রাবণের সঙ্গে তার সম্পর্ক কি?

(গ) ‘‘একুশের প্রথম প্রভাতফেরী—অলৌকিক ভোর।’’
এখানে কোন্ মাসের একুশ তারিখের অলৌকিক ভোরের প্রভাতফেরীর কথা বলা হয়েছে? এই দিনটিকে কি নামে পালন করা হয়?

(ঘ) ‘‘হংসী কি বকের সেবা করে।’’
এখানে ‘হংসী’ ও ‘বক’ বলতে কার, কার কথা বলা হয়েছে? বক্তার নাম কি?

(ঙ) ‘সীতা ও সরমা’ কবিতা অবলম্বনে সীতা রাম-লক্ষ্মণের সাথে কোন্ বনে বাস করতেন? এই বনটি কোন্ নদীর তীরে অবস্থিত ছিল?

(চ) ''আমি পিতৃহত্যা করিব না।''
একথা কে, কাকে বলেছেন? পাঠের নাম কি?

(ছ) ''আমি আপনার শরণ লইলাম,—আপনি কি আমাকে রক্ষা করিবেন না?'' এখানে বক্তা কে? তিনি কাকে একথা লিখেছিলেন, কার হাত থেকে রক্ষা করার কথা লিখেছেন?

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ''যে কথার প্রমাণ দিতে পারিবে না সেকথা লিখিও না।''
কোন্ পাঠের অংশ? একথা বলার কারণ কি? ১+৩=৪

(খ) ''নার্য্যস্তু যত্র পূজ্যতে তত্র রমন্তে দেবতা।''
শ্লোকটি কোন্ পাঠের অংশ? এই শ্লোকের অর্থ কি? ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ১+৩=৪

(গ) ''না কাকা তোমার দুটি পায়ে পড়ি—উপড়ে ফেলো না।''
কথাটা কে বলেছিল? এখানে কি উপড়ে ফেলার কথা হচ্ছে? একথা বলার কারণ কি? ১+১+২=৪

(ঘ) অনন্ত মিশ্র কার অনুরোধে উদয়পুরে যাত্রা করেছিলেন? তাঁর সঙ্গে কি কি জিনিষপত্র ছিল? তাঁর সাথে আর কে গিয়েছিল? ১+৩=৪

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'রাজসিংহ' উপন্যাসে তোমার পাঠ্য অংশ অবলম্বনে চঞ্চলকুমারীর চরিত্র বিশ্লেষণ কর।

(খ) অনন্ত মিশ্র কে ছিলেন? তিনি উদয়পুরে কার সাথে দেখা করতে যাচ্ছিলেন? যাত্রাপথে তাঁর সাথে যে ঘটনা ঘটে তার বিবরণ দাও। ১+১+৬=৮

(গ) 'রাজসিংহ' উপন্যাসের পাঠ্যাংশ অবলম্বনে রাজসিংহের বীরত্বের পরিচয় দাও।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতার সারমর্ম লেখ।

(খ) ''স্মরিলে পূর্বের কথা, ব্যথা মনে যদি
পাও, দেবি, থাক তবে; কি কাজ স্মরিয়া?
হেরি তব অশ্রুবারি ইচ্ছি মরিবারে।''

উক্তিটি কার? এই উক্তি অনুসারে 'সীতা ও সরমা' কবিতার সারাংশ সহজ ভাষায় লেখ। ১+৯=১০

(গ) ''তুমি মহারাজ সাধু হলে, আমি আজ চোর বটে!''

এখানে 'আমি' কে? পংক্তিটি কোন্ কবিতার অংশ? এই পংক্তি অবলম্বনে কবিতার মূল বক্তব্য লিপিবদ্ধ কর। ১+১+৮=১০

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''বাঙ্গালা সাহিত্য বাঙ্গালার ভরসা। এই নিয়মগুলি বাঙ্গালা লেখকদিগের দ্বারা রক্ষিত হইলে, বাঙ্গালা সাহিত্যের উন্নতি বেগে হইতে থাকিবে।''

উক্তিটি কার? লেখক বাংলা সাহিত্যের উন্নতির জন্য বাংলার নব্য লেখকদেরকে যে উপদেশগুলি দিয়েছেন তা সহজ ভাষায় সংক্ষেপে লেখ। ১+৯=১০

(খ) 'দুধের দাম' গল্পের কুলিটির চরিত্রে যে মানবতাবোধের পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা কর।

(গ) ''ওগো শুনছ। আহা, ওর গাছটা রেখে দাও।'' এখানে কে, কাকে কথাটা বলেছিলেন? 'ওর' বলতে কার কথা বলা হয়েছে? 'ওর গাছ' বলতে কোন্ গাছ? এই গাছকে কেন্দ্র করে যে ঘটনা ঘটেছিল তা সংক্ষেপে লেখ। ২+১+১+৬=১০

১০। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

চলিত ভাষা ; অপিনিহিতি ; স্বরভক্তি ; স্বরসঙ্গতি।

১১। নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে তা লেখ (যে-কোন **দুটি**) : ২×২=৪

ইস্কুল ; রিস্কা ; ভকতি ; আইজ ; পুজো।

১২। নীচের পংক্তিগুলির অলঙ্কার নির্ণয় কর (যে-কোন **দুটি**) : ১×২=২

(ক) ''হরিণের মত চোখ।''

(খ) ''কুলায় কাঁপিছে কাতর কপোত।''

(গ) ''মেয়েটি শিবের কাছে বর প্রার্থনা করল।''

(ঘ) ''কালো দীঘিজলে গাহন করিতে নেমেছে গাছের ছায়া।''

১৩। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ৩×২=৬

উপমা ; অনুপ্রাস ; শ্লেষ ; সমাসোক্তি।

১৪। বঙ্গানুবাদ কর (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) The national anthems of India and Bangladesh —were composed by Rabindranath Tagore.

(খ) Early to rise and early to bed makes a man healthy, wealthy and wise.

(গ) Man is the architect of his own fate.

(ঘ) It was a rainy day, the roads were all deserted.

(ঙ) The fate of a country depends on the students, the future citizens of the land.

(চ) The natural beauty of Meghalaya attracts the tourists.

১৫। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ১৪

(ক) 'মেঘালয়ের প্রাকৃতিক সৌন্দর্য'

(খ) 'অলিম্পিক ক্রীড়া—২০২১ এবং ভারতের যোগদান'

(গ) 'করোনা অতিমারীতে ছাত্রদের সমস্যা'

(ঘ) 'একজন মহাপুরুষের জীবনী'

★★★